



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

Website: www.bise-ctg.gov.bd

স্মারক নং: চশিবো/পরী-উমা/পরি-২৮(অংশ-৬)/২০০০/৮৪২(২)

তারিখ: ২৯/০৭/২০২১ খ্রি:

সূত্র: আন্তঃ শিক্ষা বোর্ডের স্মারক নং-৭৯, তারিখ: ২৯/০৭/২০২১ খ্রি:

বিষয়: ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমা দান সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী শুধু গ্রুপভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ও পরীক্ষার নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে।

২। ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীর পরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ আবশ্যিক।

৩। ক) ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে শুধু গ্রুপভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

খ) আংশিক বিষয়ে অকৃতকার্য(এক/দুই বিষয়ে অকৃতকার্য) পরীক্ষার্থী যদি নৈর্বাচনিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকে সেক্ষেত্রে পরীক্ষার্থীকে তার অকৃতকার্য নৈর্বাচনিক বিষয়ে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।
উদাহরণ- একজন আংশিক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী বাংলা(আবশ্যিক বিষয়) ও রসায়ন(নৈর্বাচনিক বিষয়)-এ অকৃতকার্য হলে সেক্ষেত্রে শুধু রসায়ন বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করবে।

গ) আবশ্যিক ও চতুর্থ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীকে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে না।

৪। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েবসাইট থেকে শিক্ষার্থীদের জন্য প্রদত্ত অ্যাসাইনমেন্ট সংগ্রহ করে নির্দেশিকা মোতাবেক সম্পন্ন করবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিবে।

বিষয়টি অতীব জরুরী।

(নারায়ন চন্দ্র নাথ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
চট্টগ্রাম।

প্রতিষ্ঠান প্রধান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রামের
আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান